

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পহেলা বৈশাখ উদযাপনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত



বিগত বছরগুলোর ন্যায় এবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মহা সমারহে বাংলা নববর্ষ-১৪২৬ বঙ্গাব্দ উদযাপিত হতে যাচ্ছে। এই উপলক্ষে ৩ এপ্রিল, ২০১৯-বুধবার বেলা ১২ ঘটিকায় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সভাপতিত্বে উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে পহেলা বৈশাখ উদযাপন সংক্রান্ত প্রথম প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

এবারের পহেলা বৈশাখ উদযাপনের মূল প্রতিপাদ্য হচ্ছে ‘নদী’। পাশাপাশি থাকবে প্রায় শতাধিক মাছের প্রতিকৃতি, ময়ূর, বেজি ও নৌকা বাইচের দৃশ্য। পহেলা বৈশাখ এর দিনব্যাপী অনুষ্ঠানসমূহের মধ্যে থাকবে-মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রকাশনা উপকরণের স্টল।

এসময় ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, পোগোজ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।